

## **র** দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ জ্বিন ও শয়তান রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জীন জাতি আগুন থেকে সৃষ্টি। তাদের জান্নাত-জাহান্নাম হলে জাহান্নামের আগুনে আগুন বা শাস্তি পাবে কীভাবে?

আল্লাহ্র দেওয়া শাস্তিতে অসম্ভব কিছু নেই। মহান আল্লাহ জীনদের কথা উদ্ধৃত করে বলেছেন, 'অপরপক্ষে সিমালজ্যনকারীরা তো জাহান্নামেরই ইন্ধন।'(জীনঃ ১৫) আর বিদিত যে, দুনিয়ার আগুনের চাইতে জাহান্নামের আগুনের তেজ সত্তর গুণ বেশি। অবশ্য এমনও হতে পারে যে, তাদেরকে আযাব দেওয়ার জন্য পৃথক আগুন প্রস্তুত আছে। যেহেতু পরকালের বিষয়াবলী ইহকালের বিষয়াবলী থেকে সম্পূর্ণ ভিন্ন। ৬৮ মানুষ মাটি থেকে তৈরি হওয়া সত্ত্বেও যদি মাটির (ঢেলা ইত্যাদির) আঘাতে কন্ট পায়, তাহলে জীন আগুন থেকে তৈরি হওয়া সত্বেও তাদের আগুন দ্বারা কন্ট পাওয়া কোন বিচিত্র কথা নয়।

## ফুটনোট

৬৮ (ইবনে জিবরীন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=63

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন